**আমিষেই শক্তি, আমিষেই মুক্তি**

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৩ শাখা**
**www.mofl.gov.bd**

স্মারক নং-৩৩.০০.০০০০.০০০.১১৯.২৭.০০০১.২৫-১৩

তারিখ: ২৯ পৌষ ১৪৩২
১৩ জানুয়ারি ২০২৬

# প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ সুমী চৌধুরী (গ্রেডেশন নং-১৬৭১), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকার অনুকূলে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৬/০৯/২০২১ তারিখের ৩৩.০০.০০০০.১০৯.১৯.০১৯.১৪(পার্ট).৩৮৮ সংখ্যক স্মারকে University of Eastern Finland এ Masters Degree Programme in Public Health কোর্সে অধ্যয়নের জন্য ২৫/০৮/২০২১ হতে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত ০২ বছর ০৪ মাস প্রেষণাদেশ মঞ্জুর করা হয়। পরবর্তীতে তিনি মাস্টার্স কোর্স সম্পন্ন করে ১২/১২/২০২৩ তারিখ প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকায় যোগদান করেন। যোগদান পরবর্তীতে উল্লিখিত কর্মকর্তা অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর ০২ (দুই) দফায় কর্মস্থলে উপস্থিত হয়ে অনুপস্থিতকালিন সময়ের ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। কিন্তু তিনি চাকুরিতে যোগদান না করে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে ০৩/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানির জন্য কোন আবেদন করেননি। অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ে লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৩) বিধিমতে তদন্তের জন্য জনাব শাহ আলম মুকুল, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ডাঃ সুমী চৌধুরী (গ্রেডেশন নং-১৬৭১), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু, তদন্তে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব দাখিল না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী তাকে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধান-৬ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ডাঃ সুমী চৌধুরী (গ্রেডেশন নং-১৬৭১) কে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী তাকে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড দেয়া প্রয়োজন;

০৪। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী ডাঃ সুমী চৌধুরী (গ্রেডেশন নং-১৬৭১) কে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি ডাঃ সুমী চৌধুরী (গ্রেডেশন নং-১৬৭১) কে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৫। সেহেতু, ডাঃ সুমী চৌধুরী (গ্রেডেশন নং-১৬৭১), উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, লিভ ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী 'চাকুরি হতে বরখাস্ত' করা হলো;

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু তাহের মুহাম্মদ জাবের)
সচিব

স্মারক নং- ৩৩.০০.০০০০.০০০.১১৯.২৭.০০০১.২৫-১৩/১(১৫)

তারিখ: ২৯ পৌষ ১৪৩২
১৩ জানুয়ারি ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭।
২. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, (প্রশাসন/উৎপাদন/সম্প্রসারণ/হিসাব, বাজেট ও নিরীক্ষা), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৫. উপসচিব (প্রাণিসম্পদ-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে তথ্যাদি সংরক্ষণের অনুরোধসহ)।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. ডাঃ সুমী চৌধুরী (গ্রেডেশন নং-১৬৭১), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার পিএমআইএস-এ উক্ত তথ্যাদি হালনাগাদকরণের অনুরোধসহ)।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ শফিকুল আলম)
উপসচিব